



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার

ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার, ২য় বর্ষ, ১ম সংখ্যা, মার্চ ২০১২ খ্রী:

এ সংখ্যায় থাকছে

- ১। প্রবন্ধ/নিবন্ধ, পৃষ্ঠা ২-৪।
- ২। WPSA-BB স্থানীয় বার্তা, পৃষ্ঠা ৫-৬।
- ৩। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা, পৃষ্ঠা-৭।
- ৪। বহির্বিষয়ের টুকরো পোল্ট্রি খবর, পৃষ্ঠা-৭।
- ৫। WPSA-BB কার্যনির্বাহী পরিষদ ২০১১-১২, পৃষ্ঠা-৮।

সম্পাদকীয় উপদেষ্টামণ্ডলী

- মসিউর রহমান, সভাপতি, WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক, WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি, WPSA-BB

সম্পাদক

- খান শহীদুল হক, পিএইচডি (ইউ.কে)
সহ-সভাপতি: WPSA-BB
ই-মেইল: dgblri09@yahoo.com, dgblri09@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

- ডাঃ সুলতান মাহামুদ, যুগ্ম-সম্পাদক, WPSA-BB
ড. মোঃ গিয়াসউদ্দিন, কার্যনির্বাহী সদস্য, WPSA-BB
কালিদাস সরকার, কার্যনির্বাহী সদস্য, WPSA-BB
ডাঃ এম. নজরুল ইসলাম, কার্যনির্বাহী সদস্য, WPSA-BB

সার্বিক যোগাযোগ

- WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন-৮৮৩২২৩৮
মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

প্রেসিডেন্টের বাণী



ওয়ার্ল্ডস পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন - বাংলাদেশ শাখার WPSA-BB ত্রৈ-মাসিক নিউজলেটার প্রকাশ হওয়ায় আমি আনন্দিত। নিউজলেটার প্রকাশনা WPSA-BB এর নিয়মিত কার্যক্রমের মধ্যে অন্যতম এবং ইহার একমাত্র উদ্দেশ্য হচ্ছে খামারীদের বিজ্ঞান ভিত্তিক তথ্য অবগত করা, নতুন নতুন উদ্ভাবনের সাথে পরিচিত করা ও পোল্ট্রি প্রোডাকশন বৃদ্ধির ব্যাপারে উৎসাহ প্রদান করা। কৃষির অন্যান্য সেক্টরের মত পোল্ট্রি ইন্ডাস্ট্রি সেক্টরেও উন্নয়ন সম্ভাবনা প্রচুর। যদিও উন্নয়ন প্রতিবন্ধকতাও কম নয়। জনসংখ্যা, শিক্ষা ও শহুরে লোকের সংখ্যা বৃদ্ধির কারণে মাংস ও ডিম প্রাপ্তির প্রধান এবং সহজলভ্য উৎস হিসেবে পোল্ট্রি সেক্টরের উন্নয়নের কোন বিকল্প নেই। আর উন্নয়ন প্রতিবন্ধকতা সকল সেক্টরের জন্যই প্রযোজ্য। বাধা অতিক্রম করাই আমাদের দায়িত্ব। জ্ঞান ও প্রযুক্তি ব্যবহার সে বাধাগুলো কিছুটা হলেও দূর করবে; সে লক্ষ্যেই পোল্ট্রি নিউজলেটার প্রকাশনার জন্য আমাদের এ ক্ষুদ্র প্রচেষ্টা।

পোল্ট্রি শিল্পের সফলতার জন্য একদিকে যেমন বিজ্ঞানভিত্তিক সঠিক কৌশলগত তথ্যের প্রয়োজন তেমনি এ শিল্পের ভবিষ্যৎ সম্ভাবনাময় দিক ও নতুন নতুন আবিষ্কার সম্পর্কেও অবহিত হওয়া জরুরী। এতদসম্পর্কিত তথ্য হস্তান্তর, উৎসাহ প্রদান ও অবহিত করনের মাধ্যমে সম্মানিত পাঠক, ক্ষুদ্র খামারী, ব্যবসায়ী ও পেশাজীবীদের জ্ঞান অর্জন প্রচেষ্টায় সহযোগিতা করতে পারাই হলো WPSA-BB এর ত্রৈ-মাসিক নিউজলেটার প্রকাশনার সফলতা।

সম্মানিত পাঠকবৃন্দ; অবশ্যই আপনাদের সুচিন্তিত মতামত ও লেখনী/প্রবন্ধ প্রদান করে WPSA-BB এর ত্রৈ-মাসিক নিউজলেটার এর মানোন্নয়নের লক্ষ্যে সহযোগিতা করবেন। যাদের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতার ফলে এ সংখ্যা প্রকাশ করতে সক্ষম হয়েছি তাদের প্রত্যেকের প্রতি আমার আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা।

মসিউর রহমান
প্রেসিডেন্ট, WPSA-BB

